**কৃষিই সমৃদ্ধি**

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**গাজীপুর-১৭০১**

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.২৫২.২০.২০১৭ তারিখ: ৩১/১০/২০২৩

**অফিস আদেশ**

যেহেতু, ড. মো. হারুনুর রশিদ **BARI0441**, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর ০১-০২-২০১৯ হতে ৩০-০৪-২০১৯ পর্যন্ত ০৩ (তিন) মাস অর্জিত ছুটি ভোগ শেষে ০১-০৫-২০১৯ তারিখ হতে অদ্যবধি কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে অনুপস্থিত থাকায় এবং ড. মো. হারুনুর রশিদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে ০১-০২-২০১৯ হতে ৩০-০৪-২০১৯ পর্যন্ত ০৩ (তিন) মাস পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলেও তিনি ৩০-০৪-২০১৯ তারিখ ছুটি শেষে স্বীয় কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে অনুপস্থিত থাকায় ইনস্টিটিউটের স্মারক নং-১৮৮৪ তারিখঃ ০৮-০৯-২০১৯, স্মারক নং-৪৪৬৪ তারিখঃ ১৯-১১-২০১৯ ও স্মারক নং-৬৬১৯ তারিখঃ ২১-০১-২০২০ মোতাবেক কর্মস্থলে যোগদান করার জন্য তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ১ম, ২য় ও ৩য় তাগিদ পত্র প্রেরণ করা হয়। কিন্তু তিনি অদ্যবধি কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) ও (গ) উপ-প্রবিধি অনুযায়ী **"দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন"** এর অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫. ২৭.২৫২.২০.৬০৪ তারিখ: ২৬-০৭-২০২০ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ (মামলা নং-৩৯১/২০) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) অভিযোগ বিবরনী জারি করা হয়;

যেহেতু, ড. মো. হারুনুর রশিদ **BARI0441**, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা না করায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.২৫২.২০-২৯৫৭ তারিখ: ২৯-১০-২০২০ মোতাবেক ড. হাবিব মোহাম্মদ নাসের BARI0196, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা ড. মো. হারুনুর রশিদ BARI0441, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) ও (গ) উপ-প্রবিধি অনুযায়ী "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৮ এর ১ (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ড. মো. হারুনুর রশিদ BARI0441, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ রক্ষা করেননি।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ড. মো. হারুনুর রশিদ BARI0441, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ২৫-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৪তম বোর্ড সভায় ড. মো. হারুনুর রশিদ BARI0441, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু ড. মো. হারুনুর রশিদ BARI0441, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (ঈ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে ''বরখাস্ত'' করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩১.১০.২৩

(ড. দেবাশীষ সরকার)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৪৯২৭০০০০

**রেজি./এডিঃ**- ড. মো. হারুনুর রশিদ BARI0441
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর

**রেজি./এডিঃ** ড. মো. হারুনুর রশিদ
পিতা-জনাব মো. সহিদ আলী মন্ডল
গ্রাম: গবাই, ডাকঘর: ভোলার চওড়া, থানা+জেলা: লালমনিরহাট

অনুলিপিঃ-

১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন/উদ্যানতত্ত্ব), বারি, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকতা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (বারি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৪। ড. মো. হারুনুর রশিদ **BARI0441**, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সবজি বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, গাজীপুর
৫। ড. মো. হারুনুর রশিদ, পিতা-জনাব মো. সহিদ আলী মন্ডল, গ্রাম: গবাই, ডাকঘর: ভোলার চওড়া,থানা+জেলা: লালমনিরহাট
৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৭। ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি
৮। এসিআর সেল/কম্পিউটার সেল/মাস্টার ফাইল।